

3 (Sem-4/CBCS) BEN HC 3

2022

BENGALI

Paper : BEN-HC-4036

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) রবীন্দ্রনাথের 'বধূ' কবিতার বধুটি বিয়ের পূর্বে কোথা থেকে জল আনতে যেত?

(খ) খ্যাপা কোথায় পরশপাথর খুঁজে বেড়াত?

(গ) “রাজার হস্ত করে সমস্ত _____ ধন চুরি।”
(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) মৈত্রমহাশয় তীর্থস্নান করতে কোথায় গিয়েছিলেন?

(ঙ) মহাকবি কালিদাস কোন্ নগরে বসবাস করতেন?

(চ) অবিনাশ ঘোষালের জন্মদিন কবে?

(ছ) বিপ্রদাসের মায়ের নাম কী?

(2)

- (জ) নুরনগর থেকে ঘোষালরা কোথায় বসতি স্থাপন করেছিল ?
- (ঝ) মধুসূদন পড়াশোনা ছেড়ে প্রথমে কীসের ব্যবসায় শুরু করেছিল ?
- (ঞ) ঘোষাল-চাটুজ্যেদের পুরানো বিবাদের কথা বিপ্রদাস কার কাছ থেকে জানতে পেরেছিল ?
- (ট) 'পোস্টমাস্টার' গল্পের 'পোস্ট আপিস'টি কোন্ গ্রামে অবস্থিত ?
- (ঠ) কাবুলিওয়ালার প্রকৃত নাম কী ?
- (ড) রামদয়াল দারোয়ান কাককে কী বলত ?
- (ঢ) 'আপদ' গল্পের শরৎবাবুর বাগানবাড়িটি কোথায় অবস্থিত ছিল ?
- (ণ) মতিলালবাবু কোথাকার জমিদার ছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- (ক) রাজার কাছে ভিটেমাটি হারিয়ে উপেন কোন্ বৈশিষ্ট্য দেশান্তরী হয়েছিল এবং কত বছর পর সে আবার দেশে ফিরে এসেছিল ?
- (খ) 'দেবতার গ্রাস' কবিতার রাখালের মা ও মাসির নাম কী ?
- (গ) "অলক সাজত কুন্দফুলে, শিরীষ পরত কর্ণমূলে,
মেখলাতে দুলিয়ে দিত নবনীপের মালা।"
- 'অলক' ও 'শিরীষ' শব্দ দুটির অর্থ লেখো।

22A/1202

(Continued)

(3)

- (ঘ) দাশু সর্দারের কোন্ জেলখানায় কতদিনের সাজা হয়েছিল ?
- (ঙ) বিপ্রদাসের ছোটো ভাইয়ের নাম কী? সে কী পড়তে বিদেশ গিয়েছিল ?
- (চ) কুমুদিনীর বিয়ের সম্বন্ধ কোন্ ঘটক এনেছিলেন? তাঁর পিতার নাম কী ছিল ?
- (ছ) শরৎবাবুর ভাইয়ের নাম কী? নীলকান্ত তার কী চুরি করেছিল ?
- (জ) তারাপদ বাড়ি থেকে পালিয়ে যে সমস্ত দলের আশ্রয় পেয়েছিল তার যে কোনো দুটি দলের নামোল্লেখ করো।

৩। উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) 'বধূ' কবিতায় উল্লিখিত বধুর গ্রামের প্রাকৃতিক পরিবেশের এক বর্ণনা প্রস্তুত করো।
- (খ) ব্যাখ্যা করো :
"প্রিয়ে, তোমার তরুণ আঁখির প্রসাদ যেচে যেচে
কালিদাসকে হারিয়ে দিয়ে গর্বে বেড়াই নেচে ॥"
- (গ) 'দুই বিধা জমি' কবিতার 'রাজা' চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঘ) মধুসূদন ব্যবসায় কীভাবে উন্নতি করেছিলেন তা সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) মুকুন্দলালের মৃত্যুদৃশ্য বর্ণনা করো।
- (চ) 'আপদ' গল্পের কিরণময়ী চরিত্রটি সংক্ষেপে ব্যক্ত করো।

22A/1202

(Continued)

- (ছ) “এই ক্ষুদ্র মেয়েটি একটি দুর্ভেদ্য প্রহেলিকা।” কার সম্বন্ধে এ মন্তব্য করা হয়েছে? এই মন্তব্যের সপক্ষে যুক্তি দেখাও।
- (জ) ‘কাবুলিওয়ালা’ গল্পে কাবুলিওয়ালা ও মিনির কথোপকথন আলোচনা করো।

৪। উত্তর দাও (যে কোনো চারটি) :

১০×৪=৪০

- (ক) ‘বধূ’ কবিতার বধূটির মর্মযাতনার স্বরূপ ব্যক্ত করো।
- (খ) ‘পরশপাথর’ কবিতার অন্তর্নিহিত বক্তব্য-বিষয় সম্বন্ধে আলোচনা করো।
- (গ) ‘দেবতার গ্রাস’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) ‘যোগাযোগ’ উপন্যাসে বিপ্রদাস চরিত্রটির বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো।
- (ঙ) ‘যোগাযোগ’ উপন্যাসের ঘটনাবলি অবলম্বনে কুমুদিনী ও মধুসূদনের পারস্পরিক সম্পর্কটি বিশ্লেষণ করো।
- (চ) পারিবারিক উপন্যাস হিসেবে ‘যোগাযোগ’ উপন্যাসটিকে বিশ্লেষণ করো।
- (ছ) ‘পোস্টমাস্টার’ গল্পের বিষয়বস্তু আলোচনা করো।
- (জ) তোমার পাঠ্য ছোটো গল্পগুলো অবলম্বনে রবীন্দ্রনাথ সৃষ্ট শিশু-কিশোর চরিত্রগুলোর বৈশিষ্ট্য আলোচনা করো।
- (ঝ) ‘কাবুলিওয়ালা’ গল্পে পিতৃহৃদয়ের বৈশিষ্ট্য যেভাবে উদ্ঘাটিত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো।
- (ঞ) ‘অতিথি’ গল্পের নামকরণের বৈশিষ্ট্য আলোচনা করো।
